

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
শুঙ্খলা শাখা

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০০৬.১৮-১০১

তারিখঃ ০১/০৫/২০১৮ খ্রি.

বিষয়ঃ জনাব এস, এম, মুজাহিদুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টেকনাফ, কক্সবাজার (গোপালগঞ্জ জেলার সদর উপজেলায় কর্মকালীন) এর বিরক্তে “সরকারি কর্মচারী (শুঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮”-এর বিধি ৩ এর দফা (খ) মোতাবেক ‘অসদাচরণ (Misconduct)’ এর অভিযোগে বিভাগীয় মামলা খুজু।

অভিযোগনামা

যেহেতু, আপনি, জনাব এস, এম, মুজাহিদুল ইসলাম, বর্তমানে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টেকনাফ, কক্সবাজার (গোপালগঞ্জ জেলার সদর উপজেলায় কর্মকালীন) উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ-এর আয়া বেগম লুৎফুন নাহার মুক্তাকে প্রায়ই রাত ১০ টা হতে ভোর ৪ টা পর্যন্ত মোবাইল ফোনে বিরক্ত করতেন;

যেহেতু, আপনার কু-প্রস্তাবে রাজী না হওয়ায় আপনি বেগম লুৎফুন নাহার মুক্তাকে অন্যত্র বদলির জন্য গোপালগঞ্জ সদর উপজেলার মেডিকেল অফিসার (এমসিইচ-এফপি), ডাঃ আশরাফুল ইসলামকে চাপ প্রয়োগ করতেন;

যেহেতু, আপনার উপরোক্ত কার্যকলাপ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন পাওয়া গেছে;

যেহেতু, আপনার উপরোক্ত কার্যকলাপে দাপ্তরিক শুঙ্খলা এবং পরিবার পরিকল্পনা বিভাগের ভাবমূর্তি ভীষণভাবে ক্ষুণ্ণ হয়েছে; এবং

যেহেতু, আপনার এহেন কার্যকলাপ “সরকারি কর্মচারী (শুঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮”-এর বিধি ৩ এর দফা (খ) মোতাবেক ‘অসদাচরণ (Misconduct)’ হিসেবে গণ্য এবং শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে “সরকারি কর্মচারী (শুঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮”-এর বিধি ৩ এর দফা (খ) মোতাবেক ‘অসদাচরণ (Misconduct)’-এর অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক ‘চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)’ দণ্ড প্রদান করা হবে না বা উপরোক্ত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, সে সম্পর্কে আত্মপক্ষ সমর্থনে আপনার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। যে সকল অভিযোগের ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে আগ্রহী কি-না, তাও আপনার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(জি. এম. সালেহ উদ্দিন)  
ভারপ্রাপ্ত সচিব

জনাব এস, এম, মুজাহিদুল ইসলাম  
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টেকনাফ, কক্সবাজার।


(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০০৬.১৮-১০২/৬(৫)

তারিখঃ ০১/০৩/২০১৮ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
- ২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫  
(তথ্যটি রেজিস্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল।)
- ৩। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, গোপালগঞ্জ/কক্সবাজার।
- ৪।  সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পঃ কঃ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
(ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।)
- ৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, গোপালগঞ্জ/টেকনাফ, কক্সবাজার।

  
০১/০৩/১৮  
(মোহাম্মদ আলী)  
সহকারী সচিব  
ফোন-৯৫৪৫৬৬৭

## অভিযোগ বিবরণী


আপনি, জনাব এস, এম, মুজাহিদুল ইসলাম, বর্তমানে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টেকনাফ, কক্সবাজার (গোপালগঞ্জ জেলার সদর উপজেলায় কর্মকালীন) উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ-এর আয়া বেগম লুৎফুন নাহার মুক্তাকে প্রায়ই রাত ১০ টা হতে ভোর ৪ টা পর্যন্ত মোবাইল ফোনে বিরক্ত করতেন;

আপনার কু-প্রস্তাবে রাজী না হওয়ায় আপনি বেগম লুৎফুন নাহার মুক্তাকে অন্যত্র বদলির জন্য গোপালগঞ্জ সদর উপজেলার মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), ডাঃ আশরাফুল ইসলামকে চাপ প্রয়োগ করতেন;

আপনার, উপরোক্ত কার্যকলাপ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন পাওয়া গেছে;

আপনার, উপরোক্ত কার্যকলাপে দাঙ্গরিক শৃঙ্খলা এবং পরিবার পরিকল্পনা বিভাগের ভাবমূর্তি ভীষণভাবে শুল্ক হয়েছে; এবং

আপনার, এহেন কার্যকলাপ “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮”-এর বিধি ৩ এর দফা (খ) মোতাবেক ‘অসদাচরণ (Misconduct)’ হিসেবে গণ্য এবং শাস্তিযোগ্য অপরাধ।

  
২৬২  
(জি. এম. সালেহ উদ্দিন)

ভারপ্রাপ্ত সচিব  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়